ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২০৭১
আগরতলা, ১ আগস্ট, ২০২৫

**এসডিজিতে পশ্চিম ত্রিপুরা জেলা উত্তর-পূর্বাঞ্চলের**
**৫টি শীর্ষ স্থানীয় জেলার মধ্যে স্থান পেয়েছে**

সাস্টেনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি) বা টেকসই উন্নয়নের লক্ষ্যে পশ্চিম ত্রিপুরা জেলা উত্তর-পূর্বাঞ্চলের ৫টি শীর্ষ স্থানীয় জেলার মধ্যে স্থান পেয়েছে। এসডিজি'র সূচক অনুযায়ী ২০২৩-২৪ সালের নীতি আয়োগ কর্তৃক প্রকাশিত মূল্যায়ণে এই তথ্য বেরিয়ে এসেছে। এই মূল্যায়ণে পশ্চিম জেলা উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যের জেলাগুলির মধ্যে ফ্রন্টরানারের মর্যাদা পেয়েছে। যে সূচকগুলির উপর নির্ভর করে এই মূল্যায়ণটি করা হয়েছে সেগুলির মধ্যে রয়েছে ক্ষুধামুক্তি, টেকসই নগর, দায়িত্বশীল ব্যবহার, জলবায়ু পরিবর্তন ও স্থলজ জীবন ইত্যাদি।

আজ পশ্চিম জেলার জেলাশাসকের কনফারেন্স হলে এক বৈঠকে পশ্চিম জেলার পারফরম্যান্স পর্যালোচনা করা হয়। পরিকল্পনা দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় পরিকল্পনা দপ্তরের বিশেষ সচিব অভিষেক চন্দ্র, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, পশ্চিম জেলার পুলিশ সুপার প্রমুখ উপস্থিত ছিলেন। বৈঠকে বক্তব্য রাখতে গিয়ে পরিকল্পনা দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, ত্রিপুরা দ্রুত টেকসই উন্নয়নের জাতীয় অগ্রগামী রাজ্যে পরিণত হচ্ছে। পশ্চিম ত্রিপুরার এই সফলতা জেলাভিত্তিক সমন্বয়, তথ্যের স্বচ্ছতা ও উদ্ভাবনের মডেল হিসেবে বিবেচিত হতে পারে। জনগণের সক্রিয় সহযোগিতায় ২০৩০ সালের মধ্যে ১৭টি এসডিজি অর্জন করা যাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

******